

১০৬  
Emis  
২০১৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর  
বাংলাদেশ, ঢাকা  
www.dshe.gov.bd



**“সতর্কীকরণ বিজ্ঞপ্তি”**

স্মারক নং-৩৭.০২.০০০০.১১৭.৩৬.০৩০.১২-১০৪৭

তারিখ: ২৭-০৬-২০১৮ খ্রিস্টাব্দ

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের স্মারক (নং ৩৭.০২.০০০০.১১৭.৩৬.০৩০.১২-১০৪৭, তারিখ: ০৭/০৬/১৮ খ্রিস্টাব্দ) ব্যবহার পূর্বক “অফিস আদেশ” শিরোনামে একটি পত্র সম্প্রতি অত্র অধিদপ্তরের দৃষ্টিগোচর হয়েছে। পত্রের বিভিন্ন জায়গায় অত্র অধিদপ্তরের কয়েকজন কর্মকর্তা/কর্মচারীর ভুয়া সীল ও জাল স্বাক্ষর ব্যবহার করা হয়েছে। উক্ত পত্রে পাংশা সরকারি বিশ্ববিদ্যালয় কলেজ, পাংশা, রাজবাড়ী এর অনুকূলে একাদশ-দ্বাদশ/স্নাতক (পাস/সম্মান)/স্নাতকোত্তর শ্রেণিতে অধ্যয়নরত ৩৮ (আটত্রিশ) জন শিক্ষার্থীর জুলাই '১৭ হতে জুন '১৮ পর্যন্ত ১২ (বার) মাসের জন্য সংখ্যালঘু সম্প্রদায়, তফসিলী (হিন্দু) উপবৃত্তি মঞ্জুরির ভুয়া আদেশ জারি করা হয়েছে।

বিষয়টি তদন্তপূর্বক দায়ী ব্যক্তি/ব্যক্তিবর্গকে সনাক্ত করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণপূর্বক অত্র অধিদপ্তরকে অবহিত করার জন্য এবং এই মর্মে কোন অর্থ উত্তোলন কিংবা বন্টন না করার জন্য সংশ্লিষ্ট কলেজের অধ্যক্ষ, জেলা/উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা-কে অনুরোধ করা হলো। উক্ত স্মারক মোতাবেক কেউ কোন বিল দাখিল করলে সংশ্লিষ্ট বিল দাখিলকারী ব্যক্তিকে নিকটস্থ থানায় সোপর্দপূর্বক অত্র অধিদপ্তরকে অবহিত করার জন্য অনুরোধ করা করা হলো।

উল্লেখ্য যে, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের বৃত্তি সংক্রান্ত চিঠিপত্র/অফিস আদেশ অত্র অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশ করা হয়। অত্র অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশিত চিঠিপত্র/অফিস আদেশ ব্যতীত অন্য সকল চিঠিপত্র/অফিস আদেশ ভুয়া/জাল হিসেবে গণ্য করা হবে। এ বিষয়ে সংশ্লিষ্ট সকলকে সতর্কতা অবলম্বন করার জন্য অনুরোধ করা হলো।

স্বাক্ষরিত/-  
(প্রফেসর মোঃ মাহাবুবুর রহমান)  
মহাপরিচালক

প্রাপক:

- ১। অধ্যক্ষ, পাংশা সরকারি বিশ্ববিদ্যালয় কলেজ, পাংশা, রাজবাড়ী
- ২। জেলা/ উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, পাংশা, রাজবাড়ী

স্মারক নং-৩৭.০২.০০০০.১১৭.৩৬.০৩০.১২-১০৪৭(৮)

তারিখ: ২৭-০৬-২০১৮ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

০১. সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০২. পরিচালক, কলেজ ও প্রশাসন/মাধ্যমিক/অর্থ ও ক্রয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা
০৩. পরিচালক/উপ-পরিচালক (সকল)  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা/ময়মনসিংহ/কুমিল্লা/চট্টগ্রাম/সিলেট/রাজশাহী/রংপুর/খুলনা/বরিশাল অঞ্চল
০৪. প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫ পুরানা পল্টন, ঢাকা।
০৫. বিভাগীয় কন্ট্রোলার অব একাউন্টস/জেলা/উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা (সকল).....
০৬. সিস্টেম এনালিস্ট, ইএমআইএস-সেল, মাউশি অধিদপ্তর, ঢাকা  
("পাংশা সরকারি বিশ্ববিদ্যালয় কলেজ, পাংশা, রাজবাড়ী এর অনুকূলে একাদশ-দ্বাদশ/স্নাতক(পাস/সম্মান)/স্নাতকোত্তর শ্রেণিতে অধ্যয়নরত ৩৮(আটত্রিশ) জন শিক্ষার্থীদের জুলাই '১৭ হতে জুন '১৮ পর্যন্ত ১২(বার) মাসের জন্য সংখ্যালঘু সম্প্রদায়, তফসিলী (হিন্দু) উপবৃত্তি মঞ্জুরির ভুয়া আদেশ সম্পর্কিত সতর্কীকরণ বিজ্ঞপ্তি" শিরোনামে আদেশটি মাউশি'র ওয়েব সাইটে ([www.dshe.gov.bd](http://www.dshe.gov.bd)>সাধারণ বিজ্ঞপ্তি>আদেশ) এ প্রকাশের অনুরোধসহ)
০৭. পি এ টু মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা
০৮. সংরক্ষণ নথি

(খুরশীদ আলম)  
উপ-পরিচালক

এক্সেস এন্ড কোয়ালিটি এশুরেন্স ইউনিট  
পরিকল্পনা ও উন্নয়ন উইং  
ফোন: ৯৫৭৩৮৪২